ভোরের কাগজ

তারিখ ........

পৃষ্ঠা ১২ কলাম ৩

FEB. 14 2002

# চ.বি শিক্ষকদের বাসে বোমা নিক্ষেপ

**চট্টগ্রাম অফিস** : চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের বাসে গতকাল বুধবার সন্ত্রাসীরা বোমা হামলা চালিয়েছে। সকাল ৮টায় শহর থেকে ক্যাম্পাসে যাওয়ার পথে পলিটেকনিক ইনস্টিটিউটের কাছে রাজেয়িদ বোস্তামি সড়কে দুষ্কৃতকারীরা পরপর দুটো বোমা নিক্ষেপ করে। তবে এই ঘটনায় কেউ হতাহত হয়নি।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি এই ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করে এক বিবৃতিতে বলেছে, শিক্ষকরা শহর থেকে ক্যাম্পাসে যাতায়াত করতে চরম নিরাপত্তাহীনতা ও অনিশ্চয়তায় ভুগছেন। তারা এ অনভিপ্রেত, বর্বরোচিত ও অনাকাঙ্ক্ষিত ঘটনার তীব্র নিন্দা ও ক্ষোভ প্রকাশ করেছে এবং উক্ত ঘটনার সঙ্গে জড়িত ব্যক্তিদের দৃষ্টান্তমূলক শাস্তি প্রদানের জোর দাবি জানিয়েছেন।